



ঢাকা বিশ্ববিদ্যালয় পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২০০০-৫৩০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর ১টি শূন্য সেকশন অফিসার পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। প্রার্থীকে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট এবং সরকার অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে অফিস সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল করা যাইতে পারে।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৭-০২-২০১৬ তারিখের মধ্যে পরিচালক, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ-এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।


১২.১.১৬